বিষয়ঃ রাজস্ব জোন-৯ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানির বকেয়া বিল আদায়ের লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার খরচ মিটানোর জন্য অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে ।

২৬। রাজস্ব জোন-৯ এর আওতাধীন এলাকার অবৈধ পানির সংযোগ বিচ্যুতি এবং পানির বকেয়া বিল আদায়ের লক্ষ্যে গত ০৪, ০৭ এবং ২৯, ৩০ ডিসেম্বর ২০২৫ ইং তারিখ মোট ৪ (চার) দিন ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য ঢাকা ওয়াসার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত-০১ এর স্মারক নং-৪৬.১১৩.২১৪.০০.০০.০১.২০২৫-৬৭ তাং- ২৬.১১.২০২৫ ইং এর মাধ্যমে কর্মসূচী জারী করা হয়েছে। মোট ৪ দিনের ভ্রাম্যমান আদালত পরিচালনার কথা থাকলেও ০৪ ও ০৭ ডিসেম্বর ২০২৫ ইং ভ্রাম্যমান আদালত পরিচালিত হয় এবং অনিবার্য কারণে ২৯ ও ৩০ ডিসেম্বর ২০২৫ ইং এই দুই দিন ভ্রাম্যমান আদালত পরিচালনা হয়নি। উক্ত দুই দিন ভ্রাম্যমান আদালত চলাকালে রাজস্ব জোন-৯ এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মচারীসহ পুলিশ ফোর্স উপস্থিত থাকেন। ভ্রাম্যমান আদালতের সার্বিক কাজে উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণ সহ এবং পুলিশ ফোর্সের আপ্যায়ন এবং বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানি ভাতা ও গাড়ী ভাড়া ইত্যাদি খরচ বাবদ ২ (দুই) দিনে (২ X ১০,০০০) = ২০,০০০/- (বিশ হাজার) টাকা খরচ হওয়ায় আর্থিক বরাদ্দের প্রয়োজন। সম্ভাব্য খরচের ব্রেক-আপ নিম্নরুপঃ-

ক) বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের সম্মানী ভাতা বাবদ -	২,০০০/- X ২ দিন = ৪,০০০/-
খ) পুলিশ ফোর্সের আপ্যায়ন বাবদ-	৩,৫০০/- X ২ দিন = ৭,০০০/-
গ) গাড়ী ভাড়া বাবদ-	২,০০০/- X ২ দিন = ৪,০০০/-
ঘ) ভ্রাম্যমান আদালতের সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগনের আপ্যায়ন খরচ বাবদ-	২,৫০০/- X ২ দিন = ৫,০০০/-
	মোট = ২০,০০০/-

২৭। এমতাবস্থায়, বিশেষ অভিযান পরিচালনার জন্য বর্নিত খাতের খরচ মিটানোর লক্ষ্যে উল্লেখিত সর্বমোট = ২০,০০০/- (বিশ হাজার) টাকা 'স্পেশাল ড্রাইভ' খাত হতে পি.পি.আর ২০০৮ এর ৮১ (১) ধারা অনুযায়ী অস্থায়ী অগ্রীম হিসাবে উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজস্ব জোন-৯ এর অনুকূলে প্রদানের সদয় অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হলো। এ অগ্রীমের টাকা পরবর্তীতে সমন্বয়ের জন্য খরচের ভাউচার হিসাব বিভাগে প্রেরণ করা হবে।

মোঃ জিয়াউল আলম ঝিনুক
সহকারী রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-০৯,
ঢাকা ওয়াসা।

মোঃ সেকান্দার আলী
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
রাজস্ব জোন-০৯
ঢাকা ওয়াসা।

সাইফুল ইসলাম
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-০৯,
ঢাকা ওয়াসা

মোঃ আনোয়ার হোসেন
উপসচিব
প্রধান রাজস্ব কর্মকর্তা
ঢাকা ওয়াসা

এস.এম. মোস্তফা কামাল মজুমদার
বাণিজ্যিক ব্যবস্থাপক (অঃ দাঃ)
ঢাকা ওয়াসা

মোঃ মিজানুল হক
(যুগ্মসচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা।

Magistrate program note sheet

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন কর্তৃপক্ষ
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তার কার্যালয়

রাজস্ব জোন-৯, ঢাকা ওয়াসা।
১৯, শাহ্‌জালাল এভিনিউ, সেক্টর-৬, উত্তরা,ঢাকা-১২৩০।
ই-মেইল ঃ dwasa.revenue.z9@gmail.com ফোন নং-৫৮৯৫৭৪৯২

স্মারক নং-৪৬.১১৩.৩০৪.০০.০০.২০২৬/ ১৪ তারিখ ঃ ২৫/১/২৬

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

বিষয় : অস্থায়ী অগ্রিম বাবদ ২০,০০০/- টাকা প্রদান করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজস্ব জোন-৯ এর আওতাধীন এলাকায় অবৈধ সংযোগ ও খেলাপী গ্রাহক থেকে বকেয়া রাজস্ব আদায়ের লক্ষ্যে বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের নেতৃত্বে ৪ ও ৭ ডিসেম্বর, ২০২৫ইং মোট ২ (দুই) দিন ভ্রাম্যমাণ আদালত পরিচালনা বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা মাত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের অনুকূলে ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার "স্পেশাল ড্রাইভ" খাত হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে।

এমতাবস্থায়, রাজস্ব জোন-৯ এর আওতাধীন এলাকায় অবৈধ সংযোগ ও খেলাপী গ্রাহক থেকে বকেয়া রাজস্ব আদায়ের লক্ষ্যে বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের নেতৃত্বে ২ (দুই) দিনের ভ্রাম্যমাণ আদালত পরিচালনা বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা এর অনুকূলে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

২৫/০১/২৬
(সাইফুল ইসলাম)
উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা
রাজস্ব জোন-৯, ঢাকা ওয়াসা।

Forwarding note